

Henry Ford Health রোগীর অধিকার ও দায়িত্বসমূহ

একজন রোগী হিসাবে আপনার অধিকার

সম্মানজনক পরিচর্যা

- আপনার অধিকার আছে আপনার জাতি, লিঙ্গ, জাতীয় উৎস, বৈবাহিক স্থিতি, যৌন অভিমুখীতা, বিশ্বাস, মূল্যবোধ, ভাষা, বয়স, অক্ষমতা বা পেমেণ্টের উৎস নির্বিশেষে প্রয়োজনীয় পরিচর্যা পাওয়ার।
- একটি নিরাপদ পরিবেশে পরিচর্যা নেওয়ার অধিকার আপনার আছে।
- আপনার গোপনীয়তার অধিকার আছে।
- আপনার অধিকার আছে স্বাস্থ্যসেবা সংক্রান্ত তথ্য এমন রূপে ও ধরনে পাওয়ার যা আপনি বুঝতে পারেন।
- আপনার অধিকার আছে প্রয়োজন হলে সাংকেতিক ভাষা বা বিদেশী ভাষা পরিষেবা পাওয়ার।
- আপনার অধিকার আছে পরিচর্যা বা আচরণের সাথে সম্পর্কিত নিয়মগুলি সম্পর্কে তথ্য পাওয়ার।
- আপনার অধিকার আছে আপনার ব্যথার সঠিক মূল্যায়ন এবং ব্যবস্থা পাওয়ার।
- আপনার অধিকার আছে চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় নয় এমন যেকোনো ধরনের বাধ্যবাধকতা থেকে মুক্ত থাকার।
- আপনার অধিকার আছে মানসিক বা শারীরিক নির্যাতন বা হয়রানি থেকে মুক্ত থাকার।
- আপনার অধিকার আছে বিলের ব্যাখ্যা এবং আর্থিক সাহায্যের তথ্য পাওয়ার।

আপনার পরিচর্যায় নিয়োজিত থাকা

- আপনার অধিকার আছে অপ্রত্যাশিত ফলাফল সহ আপনার অবস্থা, চিকিৎসা এবং পূর্বাভাস সম্পর্কে তথ্য পাওয়ার।
- আপনার অধিকার আছে এটা জানার যে কে আপনার পরিচর্যা করছেন এবং তাদের খেতাব কী।
- আপনার অধিকার আছে ওষুধের নিরাপদ ব্যবহার, চিকিৎসা সরঞ্জাম, সম্ভাব্য খাদ্য-ওষুধ প্রতিক্রিয়া সম্পর্কে স্তর লাভ করার এবং পুষ্টি ও পরিবর্তিত খাবার সম্পর্কিত পরামর্শ পাওয়ার।
- আপনার অধিকার আছে আপনার পরিচর্যা পরিকল্পনার বিকাশ ও পর্যালোচনায় অংশগ্রহণ করার।
- আপনার অধিকার আছে হাসপাতাল ছাড়ার সময় ফলো-আপ পরিচর্যার জন্য একটি পরিকল্পনা পাওয়ার।
- আইন অনুযায়ী অনুমোদিত সীমার মধ্যে আপনি চিকিৎসা প্রত্যাখ্যান করতে পারেন। আপনার প্রত্যাখ্যানের সম্ভাব্য ফলাফলগুলির বিষয়ে আপনার সাথে আলোচনা করা আমাদের দায়িত্ব।
- আপনার অধিকার আছে অগ্রিম নির্দেশনা (লিভিং উইল) দেওয়ার এবং সেগুলি অনুসরণ করা হোক সেই নির্দেশ দেওয়ার।
- আপনি পরীক্ষামূলক চিকিৎসা বা গবেষণায় অংশগ্রহণে সম্মতি দিতে বা তা প্রত্যাখ্যান করতে পারেন।
- আপনার স্বাস্থ্যসেবার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার অধিকারের অর্থ এই নয় যে আপনি চিকিৎসাগতভাবে অনুপযুক্ত বা অপ্রয়োজনীয় চিকিৎসা ও পরিষেবাগুলির দাবি করতে পারেন।

আপনার চিকিৎসা রেকর্ডে অ্যাক্সেস

- আপনার অধিকার আছে আপনার এবং কর্মীদের উভয়ের জন্য উপযুক্ত সময়ে আপনার মেডিকেল রেকর্ড দেখার। আপনি আপনার রেকর্ডের একটি কপি পাওয়ার জন্য অনুরোধ করতে পারেন।
- আপনার অধিকার আছে সেই মেডিকেল তথ্যের অনুরোধ করার যেগুলি আমরা আপনার সম্পর্কে প্রকাশ করি।

আপনার তথ্যের গোপনীয়তা

- আপনার অধিকার আছে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার এবং আপনার রোগী তথ্য সুরক্ষিত রাখার। আপনার বা আইনের অনুমোদন ছাড়া রেকর্ডগুলি প্রকাশ করা হবে না।
- আপনার অধিকার আছে আপনার পরিবারের কোনো সদস্য এবং আপনার নিজের চিকিৎসককে আপনার হাসপাতালে ভর্তির বিষয়ে অবহিত করার।

একজন রোগী হিসাবে আপনার দায়িত্বসমূহ

- রোগীর পরিচর্যা এবং আচরণের নিয়মগুলি অনুসরণ করার দায়িত্ব আপনার, আপনার পরিবার এবং সাক্ষাৎকারীদের।
- ওষুধ, অতীত বা বর্তমান চিকিৎসা সমস্যা এবং অগ্রিম নির্দেশাবলী সহ আপনার স্বাস্থ্য সম্পর্কিত সমস্ত বিষয়ে সঠিক এবং সম্পূর্ণ তথ্য প্রদান করা আপনার দায়িত্ব।
- সম্মত হওয়া চিকিৎসা পরিকল্পনা অনুসরণ করা আপনার দায়িত্ব। আপনি যদি এই পরিকল্পনাটি অনুসরণ করতে না পারেন, তবে অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবা টিমকে বলুন।
- আপনি যদি প্রস্তাবিত পরিচর্যা গ্রহণে অস্বীকার করেন, তবে আমরা আপনাকে যুক্তিসঙ্গত নোটিশ দেওয়ার পরে আপনার সাথে আমাদের সম্পর্ক শেষ করতে হতে পারে।
- অন্যান্য রোগীদের এবং Henry Ford Health কর্মীদের অধিকার ও সম্পত্তির প্রতি মনযোগী থাকা আপনার দায়িত্ব।
- আপনার স্বাস্থ্য তথ্য এবং আপনাকে যা করতে বলা হয়েছে তা আপনি বুঝতে পারছেন কি না, তা জানানো আপনার দায়িত্ব।
- অ্যাপয়েন্টমেন্ট করা এবং সময়মতো উপস্থিত হওয়া আপনার দায়িত্ব। আপনি যখন নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট রাখতে পারবেন না তখন আপনাকে অবশ্যই আমাদেরকে আগে থেকে কল করতে হবে।
- আপনার পেমেণ্টের উৎস এবং আপনার বিল পরিশোধ করার ক্ষমতা সম্পর্কে সঠিক তথ্য আমাদের সরবরাহ করা আপনার দায়িত্ব।

প্রশ্ন বা উদ্বেগ?

আপনি এবং আপনার পরিবারকে অনুভব করতে হবে যে আপনি সবসময় আপনার উদ্বেগগুলি প্রকাশ করতে পারেন। আপনি যদি কোনো উদ্বেগ বা অভিযোগ শেয়ার করেন, তাহলে আপনার পরিচর্যাকে এটি কোনোভাবে প্রভাবিত করবে না। প্রথম ধাপ হল আপনার চিকিৎসক, নার্স বা অন্যান্য পরিচর্যা কারীর সাথে আপনার উদ্বেগ নিয়ে আলোচনা করা। যদি আপনার উদ্বেগগুলির সমাধান না হয়, তাহলে অনুগ্রহ করে রোগীর অ্যাডভোকেট অফিসে (Patient Advocate office) 313-916-1602 নম্বরে যোগাযোগ করুন।

আপনি যদি রোগীর অ্যাডভোকেট অফিসের সাথে যোগাযোগ করার পরেও উদ্বেগ থাকেন, তাহলে আপনি 1-800-994-6610 নম্বরে কল করে বা complaint@jointcommission.org এ ইমেল করে জয়েন্ট কমিশনের কোয়ালিটি সনিটরিং অফিসের (Joint Commission's Office of Quality Monitoring) সাথে যোগাযোগ করতে পারেন।

এছাড়াও মিশিগান স্টেটের ডিপার্টমেন্ট অফ লাইসেন্সিং অ্যান্ড রেগুলেটরি অ্যাফেয়ার্স (Department of Licensing & Regulatory Affairs) -এ অভিযোগ জানানোর অধিকার আপনার রয়েছে, ফোন: 1-800-882-6006; ঠিকানা: Bureau of Survey and Certification – Complaint Intake Section. PO Box 30838, Lansing, MI 48909.